



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৬.২৩.১৮৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের গত ১৪.১১.২০২৩ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩-এর ১৭/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার তুরাগ থানার ভাটুলিয়া মৌজাস্থিত পিটিশনারগণের তফসিলভুক্ত (জেএল নং-০৪, খতিয়ান নং-৬৩, দাগ নং-৩১২-তে যোল আনায় ৬০.০০ শতাংশ) ভূমির ক্ষতিপূরণ প্রদানপূর্বক উক্ত ভূমি অধিগ্রহণ করে অবকাঠামো নির্মাণ করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য পিটিশনার জনাব মো. আনোয়ার হোসেন গং জেলা প্রশাসক, ঢাকা বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন ব্যবস্থা না নেয়ায় পিটিশনারগণ সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩ রুজু করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং এবং বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-কে ২নং প্রতিপক্ষসহ মোট তিন জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

“Pending hearing of the Rule, the respondent are directed to dispose of the application dated 14.11.2023 as evident from Annexure-B within 60(sixty) days from the date of receipt of a copy of this order, in accordance with law.”

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের গত ১৪.১১.২০২৩ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8467/potrojariAttachmentRef/53073/0/2240)

২৯-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৬.২৩.১৮৩/১(৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৯-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)